



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৬৬২০/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৯৩০১

তারিখ: ০৩-০৪-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০২-০৩-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৩২৩৫))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার সদর উপজেলাধীন জুড়ুলিয়া জে.বি এম মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব এম এম আমজাদ আলী অভিযোগ করলে উক্ত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য প্রফেসর খান শাহাবুদ্দিন (আইডি নং-০০৬২১৫), উপাধ্যক্ষ, নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজ, নড়াইল-কে অনুরোধ করে পত্র দেয়া হয়। তদন্ত প্রতিবেদন দাখিল হয়। তদন্ত প্রতিবেদন অনুযায়ী দাখিলকৃত ম্যানেজিং কমিটি অনুমোদনের আবেদন না মঞ্জুর করা হয়। অপরপক্ষে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের স্বার্থে জনাব মো: আতাউর রহমান পুনরায় তদন্ত কর্মকর্তা নিয়োগ চেয়ে আবেদন করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য বিশেষভাবে আপনাকে অনুরোধ করা হলো।

০৩-০৪-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

জেলা প্রশাসক
নড়াইল।

সংযুক্তি: অভিযোগের ছায়ািলপি

নথি নং-বিঅ-৬/৬৬২০/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৯৩০১ (৬)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল।
- ২। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল।
- ৪। প্রধান শিক্ষক, জুড়ুলিয়া জে.বি এম মাধ্যমিক বিদ্যালয়, নড়াইল সদর, নড়াইল।
- ৫। অভিযোগকারী, জনাব মো: আতাউর রহমান, (০১৭০১-৭৮২৪১৬), নড়াইল সদর, নড়াইল।
- ৬। অফিস নথি।

তারিখ: ০৩-০৪-২০২২

০৩-০৪-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

তারিখ: ০২/০৩/২০২২ খ্রি.

বরাবর
বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।


**বিষয়: জুড়ালিয়া জে.বি.এম মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদন সংক্রান্ত
বিষয়ে অভিযোগ প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী মোঃ আতাউর রহমান, পিতা- নূর আহম্মেদ মোল্যা, গ্রাম- জুড়ালিয়া, ডাকঘর- নড়াইল, উপজেলা- নড়াইল সদর, জেলা- নড়াইল। আমি গত ০৮/১২/২০২১ ইং তারিখে জুড়ালিয়া জে.বি.এম মাধ্যমিক বিদ্যালয় (EIN-118493), নড়াইল সদর, নড়াইল এর ম্যানেজিং কমিটির নির্বাচনে সভাপতি পদে নির্বাচিত হই। কিন্তু এই কমিটিকে প্রশ্নবিদ্ধ করতে আপনার দপ্তরে এম.এম আমজাদ আলী একটি মিথ্যা অভিযোগ দায়ের করেন। তার অভিযোগের প্রেক্ষিতে বিষয়টি সুষ্ঠু তদন্তের জন্য আপনার দপ্তর হতে প্রফেসর খান শাহাবুদ্দিন (আইডি নং- ০০৬২১৫), উপাধ্যক্ষ, নড়াইল সরকারি ডিক্টোরিয়া কলেজ, নড়াইল কে তদন্তকারী কর্মকর্তা হিসেবে নিযুক্ত করেন। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয়, উল্লিখিত তদন্তকারী কর্মকর্তা সুষ্ঠুভাবে তদন্ত না করেই সম্পূর্ণ স্বজনপ্রীতির মাধ্যমে মনগড়া তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উল্লেখ্য যে, তদন্তকারী কর্মকর্তা অভিযোগকারীর ঘনিষ্ঠ বন্ধু ও দীর্ঘদিনের ব্যবসায়িক পার্টনার। তদন্তকারী কর্মকর্তা কমিটির সদস্যদের মতামতকে উপেক্ষা করেই সম্পূর্ণ স্বৈচ্ছাচারিতার ভিত্তিতে আপনার দপ্তরে তদন্ত প্রতিবেদন দাখিল করায় উক্ত কমিটির কার্যক্রম বাতিল হয়ে যায়। এমতাবস্থায় আমরা সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের স্বার্থে পুনরায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগের জন্য সবিনয় আবেদন করছি।

অতএব জনাব সমীপে বিনীত প্রার্থনা, উপর্যুক্ত বিষয় সুবিবেচনাপূর্বক পুনরায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক



(মোঃ আতাউর রহমান)

পিতা- নূর আহম্মেদ মোল্যা
গ্রাম- জুড়ালিয়া, ডাকঘর- নড়াইল,
উপজেলা- নড়াইল সদর, জেলা- নড়াইল।
মোবা: ০১৭০১-৭৮২৪১৬